

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী
(গোপনীয় শাখা)
www.rajshahidiv.gov.bd

স্মারক নং-০৫.৪৩.০০০০.০০২.০৫.০১৪.২২.১৫৭

তারিখ : ২০ সেপ্টেম্বর ২০২২


জি এস এম জাফরউল্লাহ এনডিসি, বিভাগীয় কমিশনার, রাজশাহী কর্তৃক বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন প্রতিবেদন

গত ১৪/০৯/২০২২ খ্রি. তারিখ বেলা ৩-৩০টায় নিম্নস্বাক্ষরকারী বগুড়া জেলার সদর উপজেলাধীন নিশিন্দারা ইউনিয়ন ডিজিটাল সেন্টার দর্শন করি। দর্শনকালে জেলা প্রশাসক, বগুড়া জনাব মোঃ জিয়াউল হক, উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর জনাব সমর কুমার পাল, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সহিদুল ইসলাম সরকার এবং পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন।

ইউডিসিতে জনাব মোঃ আমিনুর রহমান নামে একজন পুরুষ উদ্যোক্তা ও মোছাঃ রাজিয়া সুলতানা নামে একজন মহিলা উদ্যোক্তা কর্মরত রয়েছেন। ইউডিসিতে ব্যবহারের জন্য ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ফটোকপিয়ার, লেমিনেটিং মিশন, ওয়েবক্যাম রয়েছে। ইউডিসিতে অনলাইনের যাবতীয় কাজ, কম্পোজ, প্রিন্ট, স্ক্যান, লেমিনেটিং ইত্যাদি সেবা প্রদান করা হয়। বিগত মাসে ১৭২ জনকে বিভিন্ন সেবামূলক কাজের বিপরীতে মোট ১৬,৯২৮/- টাকা আয় করা হয়েছে। সেবা প্রদানের মাধ্যমে অর্জিত অর্থের হিসাব ও সেবা গ্রহীতাদের তথ্য সংরক্ষণ করা হচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারটি নিয়মিতভাবে খোলা রাখা হয় এবং জনগণের মাঝে বিভিন্ন সেবা সম্পর্কে লিফলেট, মাইকিং ইত্যাদি মাধ্যমে অবহিত করা হয়।

সার্বিক মন্তব্য :

- ইউডিসি হতে বিভিন্ন সেবাদানের বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।
- যথাযথভাবে সেবা প্রদানের মাধ্যমে ইউডিসির আয় বৃদ্ধির চেষ্টা করতে হবে।
- ইউডিসিতে ব্যবহৃত যন্ত্রপাতি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ইউপি চেয়ারম্যান ইউডিসির সার্বিক কার্যক্রম নিয়মিত মনিটর করবেন।


২০.০৭.২২

জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার
রাজশাহী

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ)]
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, বগুড়া
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া
- ৫। চেয়ারম্যান, ৩ নং নিশিন্দারা ইউনিয়ন পরিষদ, বগুড়া সদর, বগুড়া